

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়  
রাজশাহী।

স্মারক নং- জেপ্রাশিঅ/রাজ/২০২৪/৯৪৫

তারিখঃ ১৩/০৫/২০২৪ খ্রি.

**“ নিলাম বিজ্ঞপ্তি ”**

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বোয়ালিয়া থানা শিক্ষা অফিসের আওতাধীন নিম্নবর্ণিত ০৩ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পরিত্যক্ত ভবন ( যেখানে যে অবস্থায় আছে) সরকারী বিধি মোতাবেক আগামী ২৭/০৫/২০২৪ খ্রি: তারিখ রোজ সোমবার দুপুর ১২.১৫ ঘটিকায় হেলেনাবাদ-০১ সরকারি প্রাথমিক বিদ্যালয়, রাজশাহী এর হল রুমে (তৃতীয় তলা) প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে। নিলাম ডাকে ইচ্ছুক অংশগ্রহণকারীগণকে নির্ধারিত স্থান, তারিখ ও সময়সূচী অনুযায়ী উপস্থিত থেকে নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

নিলাম প্রদানের জন্য নির্ধারিত পরিত্যক্ত ভবনের বিবরণ:

ক্র: নং	বিদ্যালয়ের নাম	ইএমআই এস কোড	বিবরণ	প্রাক্কলিত মূল্য	জামানতের পরিমাণ	জামানত জমা দেয়ার সর্বশেষ তারিখ ও সময়
১	০৫- সিলভার জুবিলী সপ্তাধি	১১৩০৯১১০১	পুরাতন আধা পাকা ভবন ( টিনসেড ভবন)-০২টি	১০১৭৩২.০০	২০০০০.০০	তাং: ২৭/০৫/২০২৪ খ্রি: ,
২	১১-হরিজন সপ্তাধি	১১৩০৯১০০২	পুরাতন পাকা ভবন-০১টি	৬১১৫৩.০০	১৫০০০.০০	সময় : দুপুর ১২.১৫
৩	৩৪- মোল্লাপাড়া সপ্তাধি	১১৩০৯০২০২	পুরাতন আধা পাকা ভবন ( টিনসেড ভবন) -০১টি	৪৪৯৭৬.০০	১৫০০০.০০	

**শর্তাবলী:**

- ১। নিলাম ডাকে অংশগ্রহণকারীকে বিদ্যালয় ভিত্তিক আলাদা আলাদা ভাবে বর্ণিত জামানতের টাকা জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহী এর অনুকূলে নিলাম প্রদানের তারিখ অর্থাৎ ২৭/০৫/২০২৪ খ্রি: তারিখ রোজ সোমবার দুপুর ১২.১৫ ঘটিকায় মধ্যে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/নগদ অর্থ নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা প্রদান করে রেজিস্ট্রেশন করতে হবে। অন্যথায় নিলাম ডাকে অংশগ্রহণ করা যাবে না।
- ২। সর্বোচ্চ দরদাতা মনোনীত ডাককারী-কে নিলাম কমিটি কর্তৃক কার্যাদেশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলে ডাকের সমুদয় অর্থ ( বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর সহ) তাৎক্ষণিক ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে। ব্যর্থতায় জামানতের অর্থ বাতিল করে সরকারী কোষাগারের অনুকূলে জমা প্রদান করা হবে।
- ৩। নিলাম ডাকে অংশগ্রহণকারী অপরাপর ডাককারীকে জামানতের অর্থ সর্বোচ্চ দরদাতা মনোনীত ডাককারী কর্তৃক নিলাম মূল্য পরিশোধের সংগে সংগে ফেরত প্রদান করা হবে।
- ৪। নিলাম ডাকে অংশগ্রহণ করার পূর্বে ডাককারী সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকের সাথে যোগাযোগ করে নিলামের জন্য নির্ধারিত পরিত্যক্ত ভবন /অব্যবহার্য মালামাল দেখতে পারবেন।
- ৫। ডাকের কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে নিলামকৃত পরিত্যক্ত ভবন ডাককারী কর্তৃক নিজ দায়িত্বে সরিয়ে নিতে হবে, অন্যথায় মালামালের ব্যাপারে কর্তৃপক্ষের কোন দায়দায়িত্ব থাকবে না।
- ৬। যেকোন নিলাম ডাক গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ৭। সরকারী নির্দেশনা মোতাবেক নিলাম মূল্য এবং নিলাম ডাকের মূল্যের উপর নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর বাবদ অর্থ সরকারী কোষাগারে জমা দিতে হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ সাইদুল ইসলাম)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

মহানগর নিলাম কমিটি

রাজশাহী।